যুগান্তর

তারিখ 3 JAN 2017
পৃষ্ঠা ২ কলাম ৩

জাতীয় বিশ্ববিদ্যালয়

# ১ম বর্ষ স্নাতক ভর্তির শেষ রিলিজ স্লিপের আবেদন কাল শুরু

**গাজীপুর প্রতিনিধি**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে অনলাইন ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপের আবেদন আগামীকাল বিকাল ৪টা থেকে শুরু হচ্ছে। আগামী ১০ জানুয়ারি রাত ১২টা পর্যন্ত তা চলবে। ভর্তি কার্যক্রমে যেসব প্রার্থী ১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থান পেয়েও ভর্তি হয়নি কিংবা ভর্তি বাতিল করেছে, তারা ২য় রিলিজ স্লিপে আবেদন করতে পারবে। বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয় www.admissions. nu.edu.bd অথবা nu.edu.bd/ admissions এই ওয়েবসাইট থেকে জানা যাবে।

**প্রফেশনাল কোর্সে ভর্তির প্রথম মেধা তালিকা আজ :** একই শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমের ১ম মেধা তালিকা আজ প্রকাশ করা হবে। রাত ৯টা থেকে ওয়েবসাইটে ফল পাওয়া যাবে। এ কোর্সের ক্লাস ১৫ জানুয়ারি থেকে শুরু হবে। সোমবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতর থেকে এসব তথ্য জানানো হয়েছে।